



সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. আমিনুল হক ভূইয়ার পদত্যাগ দাবিতে তার অফিসে তালা লাগিয়ে সোমবার অবস্থান নেন শিক্ষকরা

### শাবি শিক্ষকদের একাংশের বিক্ষোভ ভিসি অবরুদ্ধ

■ সিলেট ব্যুরো ও শাবি প্রতিনিধি দুই যাসের ছুটি শেষ হওয়ার দুদিন আগে নিজ পদে ফিরেই অবরুদ্ধ হলেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) ভিসি প্রফেসর ড. আমিনুল হক ভূইয়া। ভিসির অপসারণ দাবিতে ক'দিন ধরে আওয়ামী লীগ সমর্থক শিক্ষকদের একাংশের আন্দোলনের মধ্যেই গতকাল সোমবার সকালে তিনি দায়িত্ব নেন। এ খবর পেয়ে আন্দোলনকারী শিক্ষকরা ক্যাম্পাসে এসে ভিসি ভবনে তালা দিয়ে তাকে অবরুদ্ধ করেন। এর মধ্যে ভিসি দায়িত্ব নিয়েই বিশ্ববিদ্যালয়ের নতুন প্রক্টরিয়াল বডি গঠন করেন। উচ্চত পরিষ্কৃতিতে ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৪

### শাবি শিক্ষকদের একাংশের

[শেষ পৃষ্ঠার পর]

ক্যাম্পাসে হিতিশীলতা রক্ষার অনুরোধ নিয়ে আন্দোলনকারীদের সঙ্গে আলোচনা করতে এসে বাকবিতণ্ডায় জড়াতে হয় শিক্ষক সমিতির সভাপতিসহ শতাধিক শিক্ষককে। অন্যদিকে ছুটি শেষে দায়িত্ব গ্রহণে ভিসিকে স্থাগত জানিয়েছেন বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের নেতাকর্মীরা।

সোমবার সকাল সাড়ে ৮টার দিকে নিজ কর্তৃত্বে আসেন ভিসি প্রফেসর ড. আমিনুল হক ভূইয়া। ভিসির যোগদানের খবর পেয়ে সকাল সাড়ে ৯টার দিকে ভিসি ভবনে তালা দিয়ে অবস্থান কর্তৃপক্ষ পালন করেন মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ শিক্ষক পরিষদের আন্দোলনরত শিক্ষকরা। এর কিছুক্ষণের মধ্যেই ভিসি এক আদেশে বন ও পরিবেশ বিভাগের প্রফেসর ড. মো. কামরুজ্জামান চৌধুরীকে প্রক্টর হিসেবে নিয়োগ দেন। এ ছাড়াও সহকারী প্রক্টর হিসেবে লোকপ্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক সামিউল ইসলাম, আইপিই বিভাগের প্রভাষক জাহিদ হাসান এবং গণিত বিভাগের প্রভাষক ওমর ফারুককে নিয়োগ দেন। বিকেল পৌনে ৩টার দিকে শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. কবির হোসেন শতাধিক শিক্ষককে নিয়ে আন্দোলনরত শিক্ষকদের তালা খুলে দিতে আহ্বান জানান। এ সময় আন্দোলনরত শিক্ষকদের সঙ্গে বাকবিতণ্ডায় জড়িয়ে যান আহ্বান জানাতে আসা শিক্ষকরা। বিকেল ৪টার দিকে তালা খুলে দিয়ে অবরোধ তুলে নেন আন্দোলনরত শিক্ষকরা। ভিসি প্রফেসর ড. আমিনুল হক ভূইয়া সাংবাদিকদের জানান, তুচ্ছ অভিযোগ তুলে আমার পদত্যাগের দাবিতে আন্দোলন হচ্ছে। বিভিন্ন পদ থেকে পদত্যাগকারী শিক্ষকরা স্বপদে ফিরে না এলে বিশ্ববিদ্যালয় পুরোপুরি সচল রাখতে প্রশাসনিক পদে নতুন করে নিয়োগ দেওয়া হবে।